গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# চট্টগ্রাম সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

খুলশী, চট্টগ্রাম-৪২০৯
Web : https://www.cmsc.edu.bd, FB : http://www.facebook.com/CGMSC2017

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং- চসমসক/প্রশাসন/২০২৬/ ৩২

তারিখ : ১৩ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারী ২০২৬ খ্রিস্টাব্দ

জনাব
সংযুক্ত নিলাম বিজ্ঞপ্তিটি আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

২৭/০১/২৬ খ্রি.
**প্রফেসর মোহাম্মদ নঈমুল হক**
বিসিএস (সাধারণ শিক্ষা)
আইডি নং ০০০১২৯৬৬
অধ্যক্ষ
ফোন : ০২৩৩৩৩৭৫২১১-১২
Email : chittagongmodel2007@gmail.com

স্মারক নং- চসমসক/প্রশাসন/২০২৬/ ৩২(৮) তারিখ : ২৭-০১-২০২৬ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :**

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০৩. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
০৪. অধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
০৫. অধ্যক্ষ, চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, খুলশী, চট্টগ্রাম।
০৬. প্রধান শিক্ষক, চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম।
০৭. প্রধান শিক্ষক, নাসিরাবাদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম।
০৮. অফিস নথি।

২৭/০১/২৬ খ্রি.
**প্রফেসর মোহাম্মদ নঈমুল হক**
বিসিএস (সাধারণ শিক্ষা)
আইডি নং ০০০১২৯৬৬
অধ্যক্ষ
ফোন : ০২৩৩৩৩৭৫২১১-১২
Email : chittagongmodel2007@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
খুলশী, চট্টগ্রাম-৪২০৯
ফোন ঃ ০২-৩৩৩৩৭৫২১১-১২
Email : chittagongmodel2007@gmail.com
Web : http://cmsc.edu.bd Facebook Page : http://www.facebook.com/CGMSC2017

স্মারক নং- চসমসক/প্রশাসন/২০২৬/ ৩১ তারিখ ঃ২৭/০১/২০২৬ খ্রি.

# নিলাম বিজ্ঞপ্তি

চট্টগ্রাম সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, খুলশী, চট্টগ্রাম এর পুরাতন ঝুঁকিপূর্ণ পরিত্যক্ত ভবন নিলামে বিক্রির জন্য নিজস্ব প্যাডে নিম্নলিখিত সিডিউল অনুযায়ী প্রদত্ত শর্ত সাপেক্ষে প্রকৃত ব্যবসায়ী / ঠিকাদারী প্রতিষ্ঠান হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

০১. সিডিউল সংগ্রহের তারিখ ও সময় : ২৮/০১/২০২৬খ্রি. হতে ০৫/০২/২০২৬ খ্রি. সকাল ১১:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত (অফিস চলাকালীন সময়,সরকারি ছুটির দিন ব্যতিত)।

০২. দরপত্র জমা দেয়ার তারিখ ও সময়: ০৫/০২/২০২৬ খ্রি. সকাল ১১:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত।

০৩. দরপত্র খোলার তারিখ ও সময় : ০৫/০২/২০২৬ খ্রি. দুপুর ০১:৩০ ঘটিকা পর্যন্ত। (দরপত্রদাতাগণের উপস্থিতিতে খোলা হবে।)

**শর্তাবলী :**

০১. নিলামে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, টিন সার্টিফিকেট, আয়কর সনদের প্রত্যয়ন পত্র (প্রতিক্ষেত্রে সত্যায়িত ফটোকপি) অবশ্যই সংযুক্ত করতে হবে।

০২. নিলামে অংশ গ্রহণকারী প্রতিষ্ঠানকে কর্তৃপক্ষের নিকট জামানত স্বরূপ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, অধ্যক্ষ, চট্টগ্রাম সরকারি মডেল স্কুল এন্ড কলেজ বরাবর পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে, যাহা পরবর্তীতে ফেরতযোগ্য।

০৩. তাৎক্ষণিকভাবে নিলামদরের ৫০% টাকা জমা দিতে বাধ্য থাকবেন। অন্যথায় তাঁহার দরপত্র বাতিল ও জামানত বাজেয়াপ্ত করা হবে। এছাড়াও নিলামে সর্বোচ্চ দরদাতাকে কাজ শুরুর পূর্বে প্রাক্কলিত মূল্যের সকল টাকা পরিশোধ করতে হবে।

০৪. সর্বোচ্চ দরদাতাকে সরকারি বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর প্রদান করতে হবে।

০৫. পরিত্যক্ত ভবনটি অফিস চলাকালীন সময়ে কর্তৃপক্ষের নিকট হতে অনুমতি নিয়ে পরিদর্শন করা যাবে।

০৬. সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ পাওয়ার ০১ (এক) মাসের মধ্যে ভাঙ্গার কাজ সম্পন্ন ও অপসারণ করতে হবে।

০৭. নিলামে সর্বোচ্চ দর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন না হওয়া পর্যন্ত পরিত্যক্ত ভবনটি অপসারণ করা যাবে না।

০৮. নিজস্ব প্যাডে দরপত্রে উল্লিখিত টাকার অংকে কোন প্রকার ঘষামাজা বা ওভাররাইটিং হলে উক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯. পরিত্যক্ত ভবনটি অপসারণের পর কোন ধরণের গর্ত সৃষ্টি হলে তা দরপত্র প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে ভরাট করে দিতে হবে।

১০. পরিত্যক্ত ভবনটি ভাঙ্গার সময় সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। যে কোন দূর্ঘটনার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান দায়ী থাকবে। আরো উল্লেখ্য যে, যেহেতু নিলামকৃত ভবনটি পাশের ভবনের কাছাকাছি, সেহেতু পরিত্যক্ত ভবনটি ভাঙ্গার সময় সাবধানতা অবলম্বর করতে হবে যেন পাশের ভবনের কোন ক্ষতি না হয়।

১১. পরিত্যক্ত ভবনটির সাথে লাগানো বৃক্ষগুলোর যাতে কোন ক্ষতি না হয় / কাটা না যায় সে ব্যাপারে সজাগ থাকতে হবে।

১২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩. প্রতি সেট টেন্ডার সিডিউলের বিক্রয়মূল্য ৫০০/-(পাঁচশত) টাকা মাত্র, যা অফেরতযোগ্য।

২৭/০১/২০২৬

প্রফেসর মোহাম্মদ নঈমুল হক
বিসিএস (সাধারণ শিক্ষা)
আইডি নং ০০০১২৯৬৬
অধ্যক্ষ
ফোন : ০২৩৩৩৩৭৫২১১-১২
Email : chittagongmodel2007@gmail.com

স্মারক নং- চসমসক/প্রশাসন/২০২৬/৩১(০৬) তারিখ :২৭/ ০১/২০২৬খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০২. জেলা প্রশাসক, চট্টগ্রাম।

০৩. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম।

০৪. সকল অধ্যক্ষ / প্রধান শিক্ষক, সরকারি কলেজ / মাধ্যমিক বিদ্যালয়, চট্টগ্রাম (সদয় অবগতি ও প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৫. অত্র প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও ওয়েব পেইজে প্রকাশ।

০৬. সংরক্ষণ নথি।

২৭/০১/২০২৬

প্রফেসর মোহাম্মদ নঈমুল হক
বিসিএস (সাধারণ শিক্ষা)
আইডি নং ০০০১২৯৬৬
অধ্যক্ষ
ফোন : ০২৩৩৩৩৭৫২১১-১২
Email : chittagongmodel2007@gmail.com